



জবি/প্রশা-৩২(৫৯)/২০০৯/৩৩

তারিখ: ২৬ আশ্বিন, ১৪৩৩
১১ অক্টোবর, ২০২৬

পরিচালক/চেয়ারম্যান

.....ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়: “জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬” উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউট/বিভাগ কর্তৃক আপ্যায়নের জন্য রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে জানানো যাচ্ছে যে, ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬’ তথা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২১তম প্রতিষ্ঠা বার্ষিকী (২রা নভেম্বর ২০২৬ খ্রি. সোমবার) উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউট/বিভাগ কর্তৃক শিক্ষার্থীদের আপ্যায়নের জন্য প্রত্যেক শিক্ষার্থী মাথাপিছু ৭০ টাকা দিয়ে স্ব স্ব ইনস্টিটিউট/বিভাগ রেজিস্ট্রেশন করবে এবং বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী প্রতি ১৫০ টাকা বরাদ্দ প্রদান করবে। এ প্রেক্ষিতে, আপনার ইনস্টিটিউট/বিভাগ এর রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা আগামী ২৬/১০/২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত (ছক মোতাবেক) হার্ডকপি এবং সফটকপি ই-মেইল (registrar@jnu.ac.bd) রেজিস্ট্রার, জবি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর শিক্ষার্থী তালিকা গ্রহণ করা হবে না।

ক্রম.	শিক্ষার্থীর নাম	স্টুডেন্ট আইডি	শিক্ষাবর্ষ	সেমিস্টার	মন্তব্য
১.					

২। “জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬” উদযাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট ও বিভাগ নিজস্ব ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের অবশ্যই আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জবি/প্রশা-৩২(৫৯)/২০০৯/৩৩

তারিখ: ২৬ আশ্বিন, ১৪৩৩
১১ অক্টোবর, ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রক্টর, জবি
২. পরিচালক (অর্থ ও হিসাব/ছাত্র কল্যাণ/আইসিটি সেল (ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা), জবি
৩. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অফিস নথি



(সাহানা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২)।